

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১১৪০

১১/ বিবাহ (اکتاب النکاح عن رسول الله کتاب النکاح عن رسول الله) পরিচ্ছেদঃ কুমারী ও অকুমারী স্ত্রীদের ক্ষেত্রে বন্টন নীতি।

باب مَا جَاءَ فِي الْقِسْمَةِ لِلْبِكْرِ وَالثَّيِّبِ

আরবী

حَدَّثَنَا أَبُو سَلَمَةَ، يَحْيَى بْنُ خَلَفٍ حَدَّثَنَا بِشْرُ بْنُ الْمُفَضَلَ، عَنْ خَالِدِ الْحَذَّاءِ، عَنْ أَبِي قِلاَبَةَ، عَنْ أَنسِ بْنِ مَالِك، قَالَ لَوْ شِئْتُ أَنْ أَقُولَ، قَالَ رَسُولُ اللَّهِ صَلَى الله عليه وسلم وَلَكِنَّهُ قَالَ السُنَّةُ إِذَا تَزَوَّجَ الرَّجُلُ الْبِكْرَ عَلَى امْرَأَتِهِ أَقَامَ عِنْدَهَا سَبْعًا وَإِذَا تَزَوَّجَ الثَّيِّبَ عَلَى امْرَأَتِهِ أَقَامَ عِنْدَهَا ثَلاَتًا . قَالَ وَفِي الْبَابِ عَنْ أُمِّ سَلَمَةَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عَلَى امْرَأَتِهِ أَقَامَ عِنْدَهَا ثَلاَتًا . قَالَ وَفِي الْبَابِ عَنْ أُمِّ سَلَمَةَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَنْسٍ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدْ رَفَعَهُ مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ عَنْ أَيُّوبَ عَنْ أَبِي قِلاَبَةَ عَنْ أَنْسٍ وَلَمْ يَرْفَعُهُ بَعْضُهُمْ . قَالَ وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ قَالُوا إِذَا تَزَوَّجَ الرَّجُلُ امْرَأَةِ بِكُرًا عَلَى امْرَأَتِهِ أَقَامَ عِنْدَهَا سَبْعًا ثُمَّ قَسَمَ بَيْنَهُمَا بَعْدُ بِالْعَدْلِ وَإِذَا تَزَوَّجَ الرَّجُلُ امْرَأَةِ بِكُرًا عَلَى امْرَأَتِهِ أَقَامَ عِنْدَهَا سَبْعًا ثُمَّ قَسَمَ بَيْنَهُمَا بَعْدُ بِالْعَدْلِ وَإِذَا تَزَوَّجَ الرَّيِّ بَعْضُ أَهْلِ الْعِلْمِ فَالُوا إِذَا تَزَوَّجَ الْبِكُر عَلَى امْرَأَتِهِ أَقَامَ عِنْدَهَا لَالْتَيْنِ . وَهُو قَوْلُ مَالِكُ وَالشَّافِعِيّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ . وَقَالَ الثَيِّبِ عَلَى امْرَأَتِهِ أَقَامَ عِنْدَهَا لَيْلَتِيْنِ . وَالْقَوْلُ الأَوَّلُ أَصَحُ .

বাংলা

১১৪০. আবূ সালামা ইয়াহইয়া ইবনু খালফ (রহঃ) আনাস ইবনু মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, সুন্নাত হলো, কোন ব্যক্তি তার পূর্ব স্ত্রী থাকা অবস্থায় যখন কুমারী মহিলা বিয়ে করবে তখন সে তার নিকট লাগাতার সাত দিন অবস্থান করবে আর যদি পূর্ব স্ত্রী থাকা অবস্থায় যখন কুমারী মহিলা বিয়ে করবে তখন সে তার নিকট সে লাগাতার তিন দিন অবস্থান করবে। - ইবনু মাজাহ ১৯১৬, বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১১৩৯ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে উম্মু সালামা রাদিয়াল্লাহু আনহা থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, আনাস রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান-সহীহ। মুহাম্মাদ ইবনু ইসহাক এটিকে আয়ূব- আবূ কিলাবা- আনাস রাদিয়াল্লাহু আনহু সূত্রে মারফুরূপে বর্ণনা করেছেন। আর কতক রাবী এটিকে মারফু করেননি। কোন কোন



আলিমের এতদনুসারে আমল রয়েছে। তাঁরা বলেন, যদি কেউ তার পূর্ব স্ত্রী থাকা অবস্থায় কোন কুমারী মহিলা বিবাহ করে তবে সে তার নিকট সাত দিন অবস্থায় করবে। এরপর তার স্ত্রীদের মধ্যে রাত্রিযাপন ইনসাফের ভিত্তিতে সম বন্টন করে নিবে। আর যদি পূর্ব স্ত্রী থাকা অবস্থায় অকুমারী মহিলা বিয়ে করে তবে তার নিকট সে তিন দিন অবস্থান করবে। এ হলো মালিক, শাফিঈ, আহমাদ ও ইসহাক (রহঃ)-এর অভিমত। তাবিঈগণের মধ্যে কতক আলিম বলেন, কেউ তার পূর্ব স্ত্রী থাকা অবস্থায় কুমারী মহিলা বিবাহ করলে তার নিকট তিনদিন অবস্থান করবে। আর অকুমারী মহিলা বিবাহ করলে তার কাছে দুই রাত অবস্থান করবে। প্রথম অভিমতটই অধিক সাহীহ।

English

Abu Qilabah narrated from Anas bin Malik, :

He (Abu Qilabah) said: "If I wish, I could say: 'The Messenger of Allah said'" but he said: "The Sunnah when a man married a virgin after he already has a wife, is that he stays with her seven (nights). And when he married a matron when he already has a wife, he stays with her three (nights)."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন